বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,ঢাকা
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

বিকেবি/প্রকা/শানিব্যউবি-১(৫৯)/২০১৮-২০১৯/৫১২(১২৫০) তারিখঃ ১২-০৯-২০১৮ ইং

মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ ৬(ছয়) বছর মেয়াদী ১২.২৫% হারে ডাবল প্রফিট স্কীমে আসলের দ্বিগুন না হওয়া প্রসঙ্গে ।**

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

অত্র বিভাগ হতে জারীকৃত ডিএমডি-১(শানিব্যউবি)পরিপত্র নং-০৩/২০১২ তারিখ ২৭-০৩-২০১২ এবং ১২এপ্রিল, ২০১২ খ্রিস্টাব্দ তারিখের পত্র নং-প্রকা/শানিব্যউবি-১(৫৯)/২০১১-২০১২/১৬১৩(১২০০) এর আলোকে বিভিন্ন শাখায় আলোচ্য বিকেবি ডাবল প্রফিট স্কীম হিসাব খোলা হয়। উক্ত হিসাব সমূহ মেয়াদপূর্তিতে নগদায়নের ক্ষেত্রে সৃষ্ট জটিলতা নিরসন ও স্পষ্টীকরনের জন্য বিভিন্ন মুখ্য আঞ্চলিক কার্যালয়/আঞ্চলিক কার্যালয় ও শাখা হতে অত্র বিভাগে পত্র প্রেরন করা হয়। উল্লেখিত বিষয়ে অত্র বিভাগ কর্তৃক গত ০৫-০৯-২০১৮ ইং তারিখে অনুষ্ঠিত ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ৩৯৭তম সভায় একটি কার্যপত্র উপস্থাপন করা হলে বিস্তারিত আলোচনা শেষে ব্যবস্থাপনা সমন্বয় কমিটি নিম্নে বর্ণিত সিদ্ধান্ত প্রদান করেন।

" বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রচলিত ৬ (ছয়) বছর মেয়াদি ডাবল প্রফিট স্কীমের পরিপত্র নং-০৩/২০১২ তারিখ ২৭-০৩-২০১২ ও পত্র নং-১৬১৩ তারিখ ১২-০৪-২০১২ অনুযায়ী ১২.২৫% হারে বছর ভিত্তিক চক্রবৃদ্ধি সুদারোপ করে এবং ইহা হতে প্রযোজ্য হারে সরকারী কর কর্তনপূর্বক অবশিষ্ট টাকা শাখা আমানতকারীকে প্রদান করবে। প্রসঙ্গত উল্লেখ্য যে, বছর ভিত্তিক চক্রবৃদ্ধি সুদারোপ করে এবং ইহা হতে প্রযোজ্য হারে সরকারী কর কর্তনপূর্বক অবশিষ্ট টাকা আমানতকারীকে প্রদানের ফলে প্রদানকৃত টাকার পরিমান দ্বিগুণের চেয়ে কম হবে।"

০২। ব্যবস্থাপনা সমন্বয় কমিটির উপরোক্ত সিদ্ধান্ত অনুসরনপূর্বক বিকেবি ডাবল প্রফিট স্কীম হিসাব মেয়াদপূর্তিতে নগদায়নের অনুরোধ করা হলো ।

**অনুমোদনক্রমে**

আপনার বিশ্বস্ত

( মোঃ মিজানুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৭৪০২৫
তারিখঃ ১২-০৯-২০১৮ ইং

নং প্রকা/শানিব্যউবি-১(৫৯)/২০১৮-২০১৯/৫১২(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যায়, ঢাকা ।
২। ষ্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ।
৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক ।
৪। অধ্যক্ষ, স্টাফ কলেজ,মিরপুর ,ঢাকা ।
৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক ।
৬। সকল উপ-মহাব্যবস্থাপক /সচিব/ বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা ।
৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ। তাঁকে উক্ত পত্রটি বিকেবি ওয়েবসাইডে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক ।
৯। নথি/মহানথি ।

(মুহাম্মদ তাইবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক